দৈনিক ইত্তেফাক

তারিখ ... 06 JUN 1997 ...
পৃষ্ঠা ...১৬... কলাম ... ৫......

43

## প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষার তারিখ পরিবর্তন

বরিশাল অফিস ॥ শিক্ষক নিয়োগের লিখিত পরীক্ষা ২০শে জুনের পরিবর্তে ২৭শে জুন অনুষ্ঠিত হইবে। কিন্তু এই পরিবর্তনের ব্যাপারে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পক্ষ হইতে গতকাল (বৃহস্পতিবার) পর্যন্ত প্রচার মাধ্যমে ঘোষণা দেওয়া হয় নাই। তবে জেলা প্রাথমিক শিক্ষা অফিসে বার্তা প্রেরণ করা হইয়াছে। উহাতে পরিবর্তনের কোন কারণ উল্লেখ নাই।

গতকাল এব্যাপারে অধিদপ্তরের এক কর্মকর্তা জানান, ৮ই জুন সারাদেশে শিক্ষাসপ্তাহ শুরু হইবে। ১৮ই জুন ঢাকায় সমাপনী অনুষ্ঠান হইবে। এ কারণে শিক্ষক নিয়োগ পরীক্ষা পিছাইয়া দেওয়া হইয়াছে। জানা গিয়াছে, ৫ হাজার পদের জন্য ৩ লক্ষ ১৩ হাজার ১৪৭ জন প্রার্থী পরীক্ষায় অংশ গ্রহণ করিবেন। ৬১টি জেলা সদরে একই দিন পরীক্ষা অনুষ্ঠিত হইবে।